

সোনালী ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়, ঢাকা
হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত সোনালী ব্যাংক লিমিটেড এর প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটি ও অংশীজনের অংশগ্রহণে অক্টোবর-ডিসেম্বর, ২০২০ ত্রৈমাসিক সভার (২০২০-২০২১ অর্থবছরের ২য় সভা) কার্যবিবরণী।


সভাপতি : জনাব মোঃ আতাউর রহমান প্রধান, সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর ও প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির আহ্বায়ক
তারিখ : ২৭ ডিসেম্বর, ২০২০ রোজ রবিবার
স্থান : মিনি কনফারেন্স রুম (৩য় তলা), সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা
উপস্থিতি : সংলগ্নী-‘ক’

সোনালী ব্যাংক লিমিটেড-এ শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের অংশ হিসেবে প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটির অক্টোবর-ডিসেম্বর, ২০২০ ত্রৈমাসিকের সভা (২০২০-২০২১ অর্থ বছরের ২য় সভা) ২৭ ডিসেম্বর, ২০২০ তারিখে প্রধান কার্যালয়ের মিনি কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়।

২.০০: সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি এ ব্যাংকের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের গুরুত্ব ও তাৎপর্য সম্পর্কে আলোকপাত করেন এবং বাস্তবায়নে সকলকে তৎপর হওয়ার জন্য আহ্বান জানান। শুদ্ধাচার কর্মপরিকল্পনা, ২০২০-২০২১ বাস্তবায়নে গৃহীত পদক্ষেপ, করণীয় ও অর্জিত অগ্রগতি সংক্রান্ত বিষয়সমূহ সভায় আলোচিত হয় এবং নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

- ১) সভায় অবহিত করা হয় যে, কোভিড-১৯-এর কারণে ভিডিও কনফারেন্সিং প্ল্যাটফর্ম ব্যবহার করে অনলাইনে এবং স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক স্টাফ কলেজসহ ট্রেনিং ইনস্টিটিউটসমূহে প্রশিক্ষণ কোর্স ও কর্মশালা অনুষ্ঠিত হচ্ছে। অক্টোবর-ডিসেম্বর, ২০২০ ত্রৈমাসিকে নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীদের শুদ্ধাচারসহ বিভিন্ন বিষয়ের ওপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
- ২) অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক গত ০৮/১২/২০২০ তারিখে ২০২০-২১ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা সুষ্ঠু বাস্তবায়নের নিমিত্ত Zoom Apps এর মাধ্যমে অনুষ্ঠিত ফিডব্যাক ও অংশীজনের (stakeholders) সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০১৯-২০২০ এর বার্ষিক বাস্তবায়ন অগ্রগতি স্বমূল্যায়ন করে ৩১/১২/২০২০ তারিখের মধ্যে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়েছে। এ প্রেক্ষিতে নৈতিকতা কমিটি স্বমূল্যায়ন প্রতিবেদন অনুমোদন করেন এবং প্রেরিতব্য প্রতিবেদন প্রমাণকসহ প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়।
- ৩) শুদ্ধাচার বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রতি ত্রৈমাসিকে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রকাশিত “ছড়ায় ছড়ায় শুদ্ধাচার” শীর্ষক ছড়ার বই হতে ছড়া বাছাই করে জাতীয় দৈনিকে বিজ্ঞাপন আকারে প্রচার করা হচ্ছে। অক্টোবর-ডিসেম্বর, ২০২০ ত্রৈমাসিকের জন্য ০৯ ডিসেম্বর, ২০২০ তারিখে দৈনিক সমকাল পত্রিকায় উল্লিখিত বই হতে ৪৮-নং ছড়া বিজ্ঞাপন আকারে প্রকাশ করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়।
- ৪) পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী যথাসময়ে এ ব্যাংকের ২০২১ সালের ক্রয়-পরিকল্পনা প্রণয়ন এবং ওয়েবসাইটে প্রকাশের জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করা হয়।
- ৫) বিআরপিডি সার্কুলার নং-০৮ তারিখ: ০৮/০৮/২০১৮, বিআরপিডি সার্কুলার নং-২৯ তারিখ: ০৪/১২/২০১৯ এ বর্ণিত নির্দেশনা এবং এ ব্যাংকের শুদ্ধাচার কর্মপরিকল্পনা, ২০২০-২১ অনুযায়ী নির্বাহী/কর্মকর্তা/কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদানের কার্যক্রম গ্রহণের জন্য কমিটি নির্দেশনা প্রদান করেন।
- ৬) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২১ অনুযায়ী এ ব্যাংকের উত্তম চর্চার তালিকা অনুমোদন করা হয় এবং ২৮/১২/২০২০ তারিখের মধ্যে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়।
- ৭) কোভিড-১৯ এর সংক্রমণ কার্যকরভাবে প্রতিরোধের লক্ষ্যে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীকে অফিসে যাতায়াত, কর্মসম্পাদন, সভায় যোগদান, ভ্রমণ, এমনকি ব্যক্তিগত, পারিবারিক ও সামাজিক আচার-আচরণের ক্ষেত্রেও অধিকতর সতর্কতা অবলম্বনসহ স্বাস্থ্যবিধি যথাযথভাবে পরিপালনে সচেতন থাকার জন্য সভায় উল্লেখ করা হয়।

৩.০০: পরিশেষে সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলের সক্রিয় অংশগ্রহণ ও সহযোগিতার জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোঃ আতাউর রহমান প্রধান)

সিইও এন্ড ম্যানেজিং ডিরেক্টর

ও আহ্বায়ক, নৈতিকতা কমিটি, সোনালী ব্যাংক লিমিটেড।